তারিখ 04 MAY 2018
পৃষ্ঠা ২০ কলাম ৬

সংবাদ

# রুয়েটে শিক্ষা ও গবেষণার মানোন্নয়নে সেল গঠন

**প্রতিনিধি, রাজশাহী বিশ্ববিদ্যালয়**

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (রুয়েট) বিভিন্ন বিভাগে শিক্ষা ও গবেষণার মান আন্তর্জাতিক মানে উন্নয়ন এবং পর্যবেক্ষণ ও পরিবীক্ষণের জন্য কোয়ালিটি অ্যাসুরেন্স সেল গঠন করা হয়েছে। নবগঠিত এই সেলের পরিচালক হিসেবে নিয়োগ দেয়া হয়েছে ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রডাকশন ইঞ্জিনিয়ারিং (আইইপি) বিভাগের প্রধান ও ভারপ্রাপ্ত রেজিস্ট্রার প্রফেসর ড. মোঃ মোশাররাফ হোসেনকে। এই সেলের অতিরিক্ত পরিচালক হিসেবে নিয়োগ পেয়েছেন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের অধ্যাপক ড. মোঃ শহীদ উজ জামান। গত রোববার সন্ধ্যা ৬টার দিকে রুয়েটের প্রেস অ্যান্ড পাবলিকেশন সেকশনের উপপরিচালক এক সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে এসব তথ্য জানান।

রুয়েট কেন্দ্রীয় কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত এই সভায় উপাচার্য অধ্যাপক ড. মোহাঃ রফিকুল আলম বেগ সভাপরিত্ব করেন। এ সময় উপস্থিত ছিলেন রুয়েট সিন্ডিকেট সদস্য ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মুশফিক আহমেদ, পুরকৌশল অনুষদের ডিন অধ্যাপক ড. আব্দুস সোহবান, ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটান ইঞ্জিনিয়ারিং অনুষদের ডিন ড. মোঃ রফিকুল ইসলাম শেখ, যন্ত্রকৌশল অনুষদের ডিন প্রফেসর নীরেন্দ্র নাথ মুস্তাফী, অ্যাপলাইড, সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ মাজেদুর রহমান, পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) অধ্যাপক ড. মোঃ শামীমুর রহমান প্রমুখ। সেল গঠনের বিষয়ে উপাচার্য অধ্যাপক ড. মোহাঃ রফিকুল আলম বেগ বলেন, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) এবং বিশ্বব্যাংকের যৌথ উদ্যোগে বাস্তবায়নাধীন হ্যাকেপ প্রকল্পের আওতায় এই সেল গঠন করা হয়েছে। এই সেলের মূল দায়িত্ব হবে রুয়েটের বিভিন্ন বিভাগের শিক্ষা ক্যারিকুলাম ও গবেষণার মান আন্তর্জাতিক পর্যায়ে উন্নতি করা।